৩৫

ভোরের কাগজ

তারিখ ... 04 NOV 1998 ...
পৃষ্ঠা ৪০ কলাম ... ৬ ...

# কম্পিউটারে জিআরই জিম্যাট পরীক্ষা দেওয়ার ব্যবস্থা

যুক্তরাষ্ট্রের গ্র্যাজুয়েট স্কুলগুলোতে ভর্তি হতে ইচ্ছুক বাংলাদেশী ছাত্রছাত্রীরা এখন থেকে কম্পিউটারে জিআরই (গ্র্যাজুয়েট রেকর্ড এক্‌জামিনেশন) এবং জিম্যাট (গ্র্যাজুয়েট ম্যানেজমেন্ট এডমিশন টেস্ট) পরীক্ষা দিতে পারবে। কম্পিউটারে জিআরই ও জিম্যাট পরীক্ষা নেওয়ার জন্য গত বুধবার আমেরিকান অ্যালামনাই এসোসিয়েশন (এএএ) ঢাকায় যুক্তরাষ্ট্র তথ্য সংস্থায় (ইউসিস) কম্পিউটারভিত্তিক একটি পরীক্ষাকেন্দ্র চালু করেছে। বুধবার দুজন বাংলাদেশী ছাত্রের এদেশে প্রথমবারের মতো কম্পিউটারে জিম্যাট পরীক্ষা দেওয়ার মাধ্যমে পরীক্ষা কেন্দ্রটির আনুষ্ঠানিক উদ্বোধন হয়।

এই কম্পিউটারভিত্তিক পরীক্ষা ব্যবস্থার ফলে বাংলাদেশী ছাত্রছাত্রীরা এখন থেকে বছরে দুই থেকে তিনবারের পরিবর্তে সারা বছরই জিআরই ও জিম্যাট পরীক্ষা দিতে পারবে। পরীক্ষা দেওয়ার পর সঙ্গে সঙ্গেই ছাত্ররা তাদের ফলাফল জানতে পারবে এবং ১০ থেকে ১৫ দিনের মধ্যে ফলাফলের আনুষ্ঠানিক রিপোর্ট ছাত্রদের কাছে এবং তাদের পছন্দের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ডাকযোগে পাঠিয়ে দেওয়া হবে। জিম্যাট পরীক্ষার্থীরা পরীক্ষা শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই পেয়ে যাবে তাদের বেসরকারি ফলাফল। ইউসিস।